

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।
www.niyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১-১২৮০

তারিখ:- ২৮ আষাঢ়, ১৪৩৩ ব.
১২ জুলাই, ২০২৬ খ্রি.

নিয়োগ পত্র

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০/০৭/২০২৫ তারিখের ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১.-৬০ নং স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি ও জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ১৭/১২/২০২৫ তারিখের ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১.-৬৯২ নং স্মারকে জনবল নিয়োগ কমিটির সুপারিশ এবং ১৮/০৬/২০২৬ তারিখের নির্বাহী কাউন্সিল এর ১০ম সভায় অনুমোদনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল - ২০১৫-অনুযায়ী ছকে বর্ণিত পদ ও স্কেলে শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

ক্রমিক নং	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	নিজ জেলা	পদের নাম	বেতনস্কেল ও গ্রেড
০১	১২০০০৭৫	জনাব মেসকে জাম্বাত পিতা- আব্দুস ছামাদ সরকার মাতা- সেলিনা আক্তার ওয়ার্ড নং-৬, গ্রাম/মহল্লা: রসুলগঞ্জ, ডাকঘর: পাটগ্রাম-৫৫৪০, থানা/উপজেলা: পাটগ্রাম,	লালমনিরহাট	ইন্সট্রাক্টর (ফিশারিজ)	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম
০২	১৩০০০১০	জনাব মো: কুদরত-ই-ইলাহী পিতা- মো: আব্দুল মাজেদ খান মাতা- মোছাঃ মেনোকা খানম ওয়ার্ড নং-৮, গ্রাম: পাঠানপাড়া, ডাকঘর: মন্ডলপাড়া-৫৪৩০, উপজেলা: বদরগঞ্জ	রংপুর	ইন্সট্রাক্টর (কমিউনিফিকেটিভ ইংলিশ ল্যাংগুয়েজ)	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম
০৩	১৪০০০৯৬	জনাব আবু সাঈদ পিতা- আঃ মান্নান মাতা- রাবেয়া আক্তার ওয়ার্ড নং-৫, গ্রাম: থানেশ্বর, ডাকঘর: বাদলা- ২৩১০, উপজেলা: ইটনা	কিশোরগঞ্জ	ইন্সট্রাক্টর (আইসিটি)	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম
০৪	১৫০০০০৪	জনাব মো: শাহরিয়ার মোস্তফা পিতা- মো: আব্দুর রাজ্জাক মাতা- মোছাঃ শবনম মোস্তারী ওয়ার্ড নং-৬, গ্রাম: কশব মন্ডলপাড়া, ডাকঘর: কশব-৬৫১০, উপজেলা: মান্দা	নওগাঁ	ইন্সট্রাক্টর (অটোমোবাইল)	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম
০৫	১৬০০১১৯	জনাব মো: বেলাল হোসেন পিতা- আব্দুস সাভার মৃধা মাতা- নুর নাহার বেগম ওয়ার্ড নং-০৯, গ্রাম: বড়ঘুনাথপুর, ডাকঘর: বড়ঘুনাথপুর-৮২৮২, উপজেলা: বাকেরগঞ্জ	বরিশাল	উপসহকারী প্রকৌশলী	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম
০৬	১৭০০২২০	জনাব মো: মমিনুল ইসলাম পিতা- মো: ছামান আলী মাতা- ঝরনা বেগম পৌরসভার ওয়ার্ড নং-০৪, গ্রাম: উত্তর বেতডোবা, ডাকঘর: কালিহাতি-১৯৭০, উপজেলা: কালিহাতি	টাঙ্গাইল	সহকারী হোস্টেল সুপারিনটেন্ডেন্ট	১৬০০০- ৩৮৬৪০ গ্রেড-১০ম

নিয়োগের শর্তাবলী:

- ০১। যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবেন।
- ০৩। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। এ পদের জন্য যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদি (যদি থাকে) সম্পন্ন হওয়ার পর এবং শিক্ষানবিশকাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হলে ০২(দুই) বৎসর পর চাকরি স্থায়ী করা হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন।
- ০৪। নিয়োগপ্রাপ্ত কর্মচারী যদি শিক্ষানবিশকালে চাকরি থেকে ইস্তফা দেন, তবে, ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে বাধ্য থাকবেন।
- ০৫। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ০৬। চাকরির জ্যেষ্ঠতা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ মোতাবেক নির্ধারিত হবে।
- ০৭। চাকরিতে যোগদানের সময় নিম্নলিখিত সনদপত্র/কাগজপত্রসমূহ দাখিল করতে হবে
- ক. ডাউনলোডকৃত আবেদনপত্র (স্ক্যান প্রিন্ট)-০২ (দুই) কপি;
- খ. ডাউনলোডকৃত পরীক্ষার প্রবেশপত্র (স্ক্যান প্রিন্ট)-০২ (দুই) কপি;
- গ. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ঘ. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ঙ. সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানার নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি-০২ (দুই) কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- চ. সাম্প্রতিক তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
- ছ. নিয়োগপত্রের ফটোকপি-০২ (দুই) কপি;
- জ. যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (প্রযোজ্য ক্ষেত্রে); এবং
- ঝ. কোটার সনদপত্রের ফটোকপি-০২ (দুই) সেট (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ০৮। চাকরিতে যোগদানের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যাংক হিসাব খুলে উহার তথ্য (ব্যাংক হিসাবের নাম, ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক শাখার নাম ও রাউটিং নম্বর) এবং নিজ জাতীয় পরিচয়পত্র দ্বারা রেজিস্ট্রিকৃত মোবাইল নম্বর লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে (যা দ্বারা iBAS++-এ বেতন নির্ধারণ করা হবে এবং ভবিষ্যতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না)।
- ০৯। চাকরিতে যোগদানের পরে নির্ধারিত ফরমে নিজ সম্পদ ও সম্পত্তির বিবরণী যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
- ১০। প্রার্থী যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ১১। প্রার্থীকে চাকরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০.০০ (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না বা কোন যৌতুক দিবেন না।
- ১২। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ১৩। চাকরিতে যোগদানের জন্য প্রার্থীকে ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ১৪। বর্তমানে কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবমুক্তিপত্র/ছাড়পত্রের কপি দাখিল করতে হবে।
- ১৫। প্রার্থীকে নিজ জেলার সিভিল সার্জনের নিকট থেকে স্বাস্থ্য পরীক্ষা (ডোপ টেস্ট বাধ্যতামূলক) করে শারীরিক সুস্থতার সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ১৬। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদান করতে সম্মত হলে আগামী ৩০ জুলাই ২০২৬ তারিখ পূর্বাঙ্কে "মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট"-এর বরাবর স্বহস্তে লিখিত যোগদানপত্রসহ চাকরিতে যোগদান করতে হবে।


খন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১১.১০৬.২১-১২৮০

তারিখ:-

২৮ আষাঢ়, ১৪৩৩ ব.

১২ জুলাই, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। পুলিশ সুপার, সংশ্লিষ্ট জেলা।

০৬। সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা।

৭। জনাব

৮। ব্যক্তিগত সহকারী, জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার (নিয়োগপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



খোন্দকার আনোয়ার হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)